

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২৩ আগস্ট ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি সদ্য প্রনীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অর্থ বছরের বিষয়ে আলোকপাত করেন। তিনি অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা সম্পর্কে অতি সতর্ক কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সহকারী প্রোগ্রামার ও ইনোভেশন অফিসারকে বলেন এবং এ বিষয়ে অত্র মন্ত্রণালয় বার্ষিক কর্মসংস্থান চুক্তিতে অনেক পিছিয়ে আছে বলেন এবং আরো জানান যে, এই সফটওয়্যারটি চালু হলে আমারা অভিযোগ সমূহ দ্রুত সময়ের মাধ্যমে নিষ্পত্তি করতে পারবো। অতঃপর তিনি বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অনুসারে আলোচ্য বিষয়বস্তু উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব বলেন যে, এ অর্থবছরে গৃহীত কার্যক্রমের অধিকাংশ সম্পর্ক হয়েছে। বিগত বছরের উদ্ভাবনী পরিকল্পনা ছাড়াও উদ্ভাবনী অন্যান্য কার্যক্রমও এ সভায় নিয়মিত আলোচনা হয়েছে এবং এ সকল কার্যক্রম চলমান রয়েছে। সংস্থা/দপ্তরসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন অনুসারে সদস্য-সচিব এ অর্থবছরের কর্মপরিকল্পনার আলোকে সার্বিক বিষয়বস্তু উপস্থাপন করেন।

০৩। সভার আলোচনায় সকলের অংশগ্রহনে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৩.১	অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা	অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা Software টি দ্রুত সময়ের মধ্যে প্রস্তুত করার লক্ষ্যে বলা হয়। এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেলের নিকট হতে সহযোগিতা নিয়ে Ramru এর Software টি Customise করা হবে মর্মে জানানো হয়।	September ২০১৭ এর মধ্যে Software টির Template প্রস্তুত করার জন্য ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়।
৩.২	অভিবাসন প্রবণ আরও ৬ টি জেলায় স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ।	চট্টগ্রামের ন্যয় পর্যায়ক্রমে কুমিল্লা, সিলেট গোপালগঞ্জ, পাবনা, রংপুর ও যশোর জেলায়ও এ কার্যক্রম শুরু করার লক্ষ্যে প্রক্রিয়া চলমান রয়েছে বলে বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন। এ লক্ষ্যে বুয়েটের কারিগরি সহায়তা চাওয়া হয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে বিএমইটি ও কল্যাণ বোর্ডের মধ্যে যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। আগস্ট ২০১৬ মাস নাগাদ প্রয়োজনীয় ক্রয় কার্য সম্পাদন করে উক্ত ৬ জেলায় স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ আগামী September এ উদ্বোধন করা হবে এবং চট্টগ্রামের গাইড লাইন ফলো করা হবে বলে সভাকে অবহিত করা হয়।	১। গুরুত্বপূর্ণ এ সেবাটি আরও বিকেন্দ্রিকরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য বিএমইটি এবং ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডকে পুনরায় অনুরোধ করা হয়। ২। মাঠ পর্যায়ে প্রদত্ত এ সেবার সর্বোচ্চ মান নিশ্চিত করার লক্ষ্যে একটি গাইডলাইন প্রণয়নের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৩	বিদেশ গমনেঙ্গু কর্মীদের সেবা সহজীকরণে কার্যক্রমের ধারাবাহিকতায় আরো ৪ টি ডিইএমওতে ফিঙ্গারপ্রিন্ট	২৫ টি জেলার বিদেশগামী কর্মীদের জন্য এ কার্যক্রম সম্প্রসারণ করার ফলে তাদেরকে আর ঢাকায় আসতে হচ্ছে না। এছাড়া, ফিঙ্গার প্রিন্ট কার্যক্রম চালু হওয়ায় জেলা অফিসসমূহ	১। জেলা পর্যায়ে প্রদত্ত এ সেবার সর্বোচ্চ মান নিশ্চিত করার লক্ষ্যে মনিটরিং জোরদার করার বিষয়ে বিএমইটি-কে অনুরোধ করা হয়।

(Signature)


	কার্যক্রম চালুকরণের মাধ্যমে সর্বমোট ২৯ টি ডিইএমওসি কার্যক্রম উন্নীতকরণ।	অধিকতর সক্রিয় হয়েছে এবং মাঠ পর্যায়ে তা প্রশংসিত হচ্ছে বলে সভায় আলোচনা হয়। কার্যক্রমটি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে মনিটরিং জোরদার করার বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়। পরবর্তী চুয়াডাঙ্গা, মৌলভীবাজার, চাঁদপুর ও সিরাজগঞ্জ জেলায় September এর মধ্যে সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে বলে বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন।	২। নতুন ৪ টি জেলার কার্যক্রম September এর মধ্যে উভোধনসহ যে সকল জেলা হতে অধিক কর্মী গমন করে পর্যায়ক্রমে সে সকল জেলায় এ কার্যক্রম অব্যাহত রাখার জন্য বিএমইটি-কে পুনরায় অনুরোধ করা হয়।
৩.৪	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্যদের এনওসি প্রদান কার্যক্রম আরো ৬ টি অভিবাসন প্রবণ জেলাসমূহে বিকেন্দ্রীকরণ।	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্য বা নিকট আঞ্চলিয়ের সে দেশে যাওয়ার ক্ষেত্রে এনওসি সেবা প্রদানের কার্যক্রমটি পর্যায়ক্রমে বিভাগীয় ও জেলা পর্যায়ে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে চট্টগ্রাম ও সিলেটে এ সেবাটি প্রদান করা হচ্ছে। যে সকল জেলায় স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হচ্ছে সে সকল জেলায় এনওসি প্রদানের কার্যক্রমটি সম্প্রসারণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।	যে সকল জেলায় স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হচ্ছে সে সকল জেলায় পর্যায়ক্রমে এনওসি প্রদানের কার্যক্রমটি সম্প্রসারণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৫	যশোর টিটিসি কর্তৃক উন্নতি ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেম এর মাধ্যমে আরো ৩ টি টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।	যশোর টিটিসি-তে উল্লিখিত প্রশিক্ষণে ছাত্র ভর্তি ব্যবস্থাপনার এ সিস্টেমটি পর্যায়ক্রমে দেশের অন্যান্য টিটিসি-তে replicate করে অনুরূপ কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় পুনরায় অভিমত ব্যক্ত করা হয়। খুলনা ময়মনসিংহ ও পাবনা জেলার টিটিসি-তে ভর্তি কার্যক্রমের এ পদ্ধতি replicate করা হবে বলে বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন।	যশোরে অনুসৃত ডিজিটাল ম্যানেজমেন্ট পদ্ধতি replicate করে প্রথম পর্যায়ে ৩ (তিনি) টি টিটিসি-তে প্রশিক্ষণের ছাত্র ভর্তি কার্যক্রমে অনুরূপ পদ্ধতি পরিচালনার উদ্যোগ গ্রহনের বিষয়ে তারিখ সুনির্দিষ্ট পূর্বক কার্যক্রম চালকরতে বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৬	অধিক সংখ্যক প্রবাসী বাংলাদেশী কর্মী অধ্যুষিত আরো ৫ টি দেশের Country Specific Guideline ব্যৱৰণ ওয়েবসাইটে প্রকাশ।	বিদেশ গমনেছু কর্মী এবং এ কার্যক্রমে সংশ্লিষ্ট বাস্তি/প্রতিষ্ঠানের সুবিধার্থে বর্তমানে যে সকল দেশে অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী গমন করে সে সকল দেশের Country Specific Guideline ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় পুনরায় গুরুতরোপ করা হয়। বর্তমানে ওমান, কাতার, বাহরাইনসহ ৫ টি দেশের তথ্য বিএমইটির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ সকল তথ্য আরো সুস্পষ্ট ও বিস্তারিত করার বিষয়ে সভায় সভায় অভিমত ব্যক্ত করা হয়।	Content develop করার বিষয়ে ILO এর সাথে আলোচনা করে পর্যায়ক্রমে অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী গমন করে এমন দেশের Country Specific Guideline ওয়েবসাইটে প্রকাশ করার কার্যক্রমটি অব্যাহত রাখার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৭	বিএমইটি'র সদর দপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহের প্রদেয় সেবা এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ সোশ্যাল মিডিয়ায় প্রচার।	একটি ফেইসবুক স্যোসাল মিডিয়া চালু করা হয়েছে বলে বিএমইটি'র উপস্থিতি কর্মকর্তা সভাকে অবহিত করেন। সকল পর্যায়ে ব্যবহার করার জন্য সভাপতি আহবান জানান। অন্যান্য সংস্থাকেও এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় তাগিদ দেয়া হয়। বিএমইটি'র ওয়েবসাইটে FAQ সংযোজনের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। মন্ত্রণালয়ের প্রদেয় সেবার বিষয়ে সোস্যাল মিডিয়ায় নিয়মিত ভাবে প্রচারের বিষয়ে সহকারী প্রোগ্রামার ও PRO কে অনুরোধ করা হয়। ২। বিএমইটি'র অধীনস্থ দপ্তরসমূহে এবং অন্ত মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েব আর্নার্স ওয়েবলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক-কে স্যোসাল মিডিয়া ব্যবহার কার্যক্রম গ্রহণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে অনুরোধ করা

			<p>হয়।</p> <p>৩। বিএমইটি'র ওয়েবসাইটে একটি FAQ সংযোজন করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।</p>
৩.৮	অভিযোগ ব্যবস্থাপনার পর্যায়ক্রমিক খাপসমূহ এসএমএসের মাধ্যমে অবহিতকরণ।	অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে STEP প্রকল্পের সহায়তায় একটি সুসমন্বিত ব্যবস্থা গড়ে তোলার জন্য বিএমইটি কাজ করছে বলে সভাকে অবহিত করা হয়। এ কার্যক্রমে মন্ত্রিপরিষদ বিবাগ কর্তৃক অনুসৃত পদ্ধতি অনুসরণ করার বিষয়ে সভাপতি আবারো পরামর্শ প্রদান করেন।	<p>১। অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে একটি সুসমন্বিত ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।</p> <p>২। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতিকে আরো আধুনিক ও mechanized করার মাধ্যমে অভিযোগকারীকে আপডেট স্ট্যাটাস প্রদান এবং সেবা প্রদান কার্যক্রমকে আরো দুট ও সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হয়।</p>
৩.৯	বিএমইটির নিজস্ব আর্কাইভ সংরক্ষণ	এ কার্যক্রমটি বর্তমানে পর্যালোচনা পর্যায়ে রয়েছে। এ ধরনের অন্যান্য প্রতিষ্ঠানের অনুরূপ কার্যক্রম হতে অভিজ্ঞতা গ্রহনের বিষয়ে সভায় পুনরায় অভিমত ব্যক্ত করা হয়। এ লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক সম্মিলিতভাবে এক বা একাধিক আর্কাইভ সরেজিমিন পরিদর্শনের বিষয়েও অভিমত ব্যক্ত করা হয় এবং ডিজিটাল আর্কাইভ সমৃদ্ধ করতে লাইব্রেরী রুমে আর্কাইভ স্থাপন করা হবে।	<p>১। এ ধরনের কার্যক্রম সম্পর্ক করেছে এমন প্রতিষ্ঠানের অভিজ্ঞতা গ্রহণ এবং যথাযথ পর্যালোচনাপূর্বক এ কার্যক্রমটি শুরু করার অনুরোধ করা হয়।</p> <p>২। ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক ন্যাশনাল আর্কাইভ সরেজিমিন পরিদর্শনের নিমিত্ত যোগাযোগ করার বিষয়ে ইনোভেশন টিমের সদস্য সচিব-কে অনুরোধ করা হয়।</p>
৩.১০	ই-লার্নিং পদ্ধতিতে শিক্ষা প্রদান প্রকল্প বাস্তবায়ন	ইতোমধ্যে ২৬ টি জেলার টিটিসি-তে এ কার্যক্রমটি সম্প্রসারণ করা হয়েছে। Kyosk মেশিন স্থাপন করে তার মাধ্যমেও এ বিষয়গুলো সর্বসাধারণের ডাউনলোডের সুবিধার্থে সরবরাহ করো যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যবক্ত করা হয়। পরবর্তীতে ময়মনসিংহ, যশোর, নরসিংদি, কুমিল্লা ও পাবনা জেলায় এ কার্যক্রমটি সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে বলে বিএমইটির প্রতিনিধি সভাকে জানান। বাজেট হতে ৭ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হবে।	<p>১। ই-লার্নিং পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম আরো কার্যকরভাবে পরিচালনার ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।</p> <p>২। হাইজকিপিং প্রশিক্ষণের সময় এ বিষয়টি বিস্তারিত আলোচনা করার কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য পুনরায় অনুরোধ করা হয়।</p> <p>৩। DEMO অফিস এবং টিটিসি মূহে Kyosk মেশিন স্থাপন করে তার মাধ্যমেও এ বিষয়গুলো সর্বসাধারণের ডাউনলোডের সুবিধার্থে সরবরাহ এবং এটি আরো কার্যকরভাবে ব্যবহারের ব্যবস্থা করার অনুরোধ করা হয়।</p>
৩.১১	শিক্ষাবৃত্তি প্রদান কার্যক্রম ডিজিটাইজেশন করণ	প্রবাসী কর্মীর স্থানদের অনুকূলে এমেজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত শিক্ষাবৃত্তি প্রদান কার্যক্রমটির আবেদন গ্রহণ ও তা প্রক্রিয়াকরণে ডিজিটাইজেশন কার্যক্রম গ্রহন করা হয়েছে। এ পদ্ধতিতে সম্ভাব্য আবেদনকারীগণ অনলাইনে আবেদন করার সুযোগ পাবেন। শিক্ষাবৃত্তির এ	কার্যক্রমটির সফল বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম জোরদার করা এবং সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত যথাযথ পদ্ধতি অনুসরণের অনুরোধ করা হয়।

		<p>কার্যক্রমটি পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়নে গৃহীত কার্যাবলী চলমান রয়েছে এবং তা নির্ধারিত সময়ে সম্পন্ন হবে বলে কল্যাণ বোর্ডের প্রতিনিধি সভাকে অবহিত করেন।</p>	
৩.১২	ই-ফাইলিং চালু করণ	<p>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এ কার্যক্রমটি চালু হয়েছে এবং এর সফল বাস্তবায়নে মনিটরিং জোরদার করা প্রয়োজন বলে সভাকে অবহিত করা হয়।</p>	<p>পর্যায়ক্রমে এ কার্যক্রমটি বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয় এবং আওতাধীন অন্যান্য সংস্থা/দপ্তরসমূহকেও অনুরোধ করা হয়।</p>
৩.১৩	সৌদি আরব প্রবাসী তথ্য সেবা কেন্দ্র Expatriates Digital Center (ইডিসি) স্থাপন	<p>সৌদি আরবে প্রবাসী তথ্য সেবা কেন্দ্র Expatriates Digital Center (ইডিসি) স্থাপটনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এটুআই কর্মসূচির সহায়তায় এ কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে। কার্যক্রমটি বাস্তবায়নে এ বিষয়ে এটুআই কর্মসূচির সাথে তিনি ওয়ার্কশপ হয়ে মর্মে সভাকে অবহিত করা হয়।</p>	<p>১। কার্যক্রমটির বাস্তবায়ন ভরাওয়াত করা এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত যথাযথ প্রক্রিয়া অনুরণের অনুরোধ করা হয়।</p> <p>২। এটুআই এর সহায়তায় কার্যক্রমটি দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।</p>
৩.১৪	বহির্গমন ছাড়পত্র ব্যৱস্থা বিদেশে গমনকৃত বাংলাদেশী কর্মী (Migrant Worker) এবং বিদেশে বসবাসরত বাংলাদেশীদের (Diaspora) ডায়াস্পোরা কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তির জন্য (Software) তৈরী করা।	<p>এই সফটওয়্যারটি প্রস্তুত করানের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ পাবে। কল্যাণ বোর্ডের আয় বৃদ্ধি পাবে। সরকারের ভাবমূর্তি বৃদ্ধি পাবে এবং প্রবাসীদের সমস্যা দ্রুত সমাধান করা হবে মর্মে সভাকে জানানো হয়।</p>	<p>(Diaspora) ডায়াস্পোরাদের কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তির জন্য সফটওয়্যারটি দ্রুত প্রস্তুত করার জন্য অনুরোধ করা হয়।</p>
৩.১৫	আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেল আফ	<p>জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যৱোর সেবাসমূহ আরো জনবাদীক করার লক্ষ্যে প্রাপ্ত সকল উদ্বাবনী ধারণার তালিকা প্রস্তুত করে এ বিষয়ে আরো প্রচারণার ব্যবস্থা করা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। ধারণাসমূহ যাচাই বাছাইপূর্বক তা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং ক্ষেত্র বিশেষে তা অন্যান্য প্রতিষ্ঠানে replicate করার বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p>	<p>১। ধারণাসমূহ যাচাই বাছাইপূর্বক তা বাস্তবায়নে এবং ক্ষেত্র বিশেষে অন্যান্য প্রতিষ্ঠান replicate করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়।</p> <p>২। অধিকতর ব্যবহার এবং সর্বমহলে জানার সুবিধার্থে উদ্বাবনী কার্যক্রমসমূহের প্রচারণার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।</p>
৩.১৬	বোয়েসেলের দাপ্তরিক কাজসমূহ সহজে করার জন্য HRM Software তৈরী করণ।	<p>HRM Software বাস্তবায়ন করা হলে বোয়েসেল আরও ডিজিটাইজেশন এর আওতায় আসবে। বোয়েসেলের কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত ফাইল সংক্রান্ত তথ্য যেমন ছুটি, নিয়োগ পদোন্নতি, বেতন সংক্রান্ত মাসিক ও বার্ষিক বিস্তারিত তথ্য, শিক্ষাগত যোগ্যতা, ট্রেনিং সংক্রান্ত তথ্য ইত্যাদি বিস্তারিত ভাবে সংরক্ষণ ও যথাসময়ে কোন রকম পরিবর্তন বা পরিবর্ধনের ক্ষেত্রে বোয়েসেলের কর্মকর্তা/কর্মচারীদের এ ধরনের কাজগুলো অধিক সহজতরভাবে সম্পন্ন করার জন্য HRM Software তৈরির বিষয়ে একমত পোষণ</p>	<p>আগামী সাত কর্মদিবসের ভিতরে Computer council হতে HRM Software নিয়ে আসার জন্য বোয়েসেলকে অনুরোধ করা হয়।</p>

		করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	
৩.১৭	অভিবাসন প্রত্যাশী বিদেশগামী কর্মীদের নিকট আরো সহজ প্রক্রিয়া অভিবাসন খণ্ড প্রদান করা।	অভিবাসন খণ্ড প্রদানের ক্ষেত্রে খণ্ড মঙ্গুরীর অব্যন্তরীন বিভিন্ন ধাপ সংস্কার করার মাধ্যমে খণ্ড বিতরণের হার বৃদ্ধি করা সম্ভব হবে এবং ৩ কর্মদিবসের মধ্যে খণ্ড প্রদান করা সম্ভব হবে মর্মে সভাকে জানানো হয়।	যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য প্রবাসী কল্যাণ ব্যাংককে অনুরোধ করা হয়।
৩.১৮	বকেয়া/খেলাপী খন আদায়ের জন্য নতুন ধরনের উষ্টাবনী কলাকৌশল অবলম্বন করে শাখা পর্যায়ে তা বাস্তবায়ন করা।	বকেয়া/ খেলাপী খন আদায় বৃদ্ধির মাধ্যমে কাঁথিত মুনাফা অর্জন করে গ্রহকের আরো বেশী খন সেবা প্রদান সম্ভব হবে। ২০১৭-১৮ অর্থ বছরের বকেয়া খেলাপী খন আদায়ের লক্ষ্যমাত্রা প্রায় শতভাগ অর্জন করা সম্ভব হবে যা এস এম এসের মাধ্যমে গ্রহকে জানানো হবে।	কার্যক্রমটি অতি.সতর শুরু করার জন্য প্রবাসী কল্যাণ ব্যাংককে অনুরোধ করা হয়।
৩.১৯	অভ্যন্তরীন প্রশিক্ষণে উষ্টাবন বিষয়ক সেশন অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তাদের উষ্টাবন বিষয়ক ধারণা ও সক্ষমতা বৃদ্ধি করা	কর্মকর্তাদের উষ্টাবন বিষয়ক ধারণা বৃদ্ধি পাবে এবং ব্যাংকের গ্রহক সেবায় নতুন উষ্টাবনী ধারণা প্রণয়ন ও তার রেপ্লিকেশন করা সম্ভব হবে মর্মে সভাকে অবহিত করা হয়।	September এর মধ্যে প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য প্রবাসী কল্যাণ ব্যাংককে অনুরোধ করা হয়।
৩.২০	শাখা পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে অভ্যন্তরীন এবং গ্রাহক পর্যায়ে সেবার উষ্টাবনী ধারণা আহবান ও তা যাচাই- বাচাই করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ।	উষ্টাবনী ধারণা যাচাই-বাচাই করে তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হলে গ্রাহক সেবার মান উন্নয়ন হবে এবং গ্রাহক সেবার সময়, অর্থ ও ভিজিট হ্রাস পাবে। এ বিষয়ে মাঠ পর্যায়ের Idea সমূহ পর্যালোচনা করা হচ্ছে মর্মে সভাকে জানানো হয়।	এ বিষয়ে মাঠ পর্যায়ের Idea সমূহ পর্যালোচনার জন্য অনুরোধ করা হয়।
৩.২১	শাখা পর্যায়ের কর্মকর্তাদের ইনোভেশন/গ্রাহক সেবা সহজীকরণ বিষয়ে আইডিয়া প্রদান ও মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য পুরস্কার প্রদান	ব্যাংকের গ্রাহক সেবায় নতুন উষ্টাবনী ধারণা প্রণয়ন ও বাস্তবায়ন করা সম্ভব হবে এবং কর্মকর্তাদের ইনোভেশন বিষয়ে আগ্রহ বৃদ্ধি পাবে। এ বিষয়ে ২ লক্ষ টাকা পুরস্কার প্রদান করা হবে মর্মে সভায় জানানো হয়।	কার্যক্রমটি শুরু করার জন্য প্রবাসী কল্যাণ ব্যাংকে অনুরোধ করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (জাবেদ আহমেদ)
 চিক ইনোভেশন অফিসার
 অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়